ভোরের কাগজ

MAR. 28 2001

তারিখ ....
পৃষ্ঠা .... কলাম ....

### সন্ত্রাসী হামলায় অধ্যক্ষ ও গভর্নিং বডির সহসভাপতি আহত

# গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

**ফারুক আহম্মদ, চাঁদপুর থেকে :** একদল বহিরাগত সন্ত্রাসী ও কতিপয় উচ্ছৃঙ্খল শিক্ষকের হামলায় ফরিদগঞ্জ উপজেলার গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত কলেজের গভর্নিং বডির সহসভাপতি শামছুজ্জোহা ও অধ্যক্ষ মশিউর রহমান গুরুতর আহত হয়েছেন। তাঁদেরকে চাঁদপুর সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেছেন। ক্যাম্পাস ও আশপাশের এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

ঘটনাস্থলে সরজমিন গিয়ে আশপাশের লোকজনের সঙ্গে আলাপ করে জানা যায়, গত শনিবার দুপুর সাড়ে ১২টায় অধ্যক্ষ মশিউর রহমানের কক্ষে কলেজ গভর্নিং বডির সহসভাপতি শামছুজ্জোহা উপস্থিত হলে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক বেলায়েত হোসেন, ইংরেজির সিদ্দিকুর রহমান ও রফিকুল ইসলাম এবং অর্থনীতির আমিনুল হক বহিরাগত মুকুলসহ কতিপয় সন্ত্রাসীকে নিয়ে তার ওপর হামলা করে। তারা তাকে বেদম পেটাতে শুরু করলে অধ্যক্ষ তার সাহায্যে এগিয়ে আসেন। তখন সন্ত্রাসীরা তাকেও লাঞ্ছিত করে। এ সময় কলেজের অন্যান্য শিক্ষক ও ছাত্রছাত্রীরা ভয়ে ক্যাম্পাস থেকে পালিয়ে যায়। পরে আশপাশের লোকজন আহত শামছুজ্জোহা ও অধ্যক্ষ মশিউর রহমানকে উদ্ধার করে চাঁদপুর সদর হাসপাতালে নিয়ে যায়।

জানা যায়, সন্ত্রাসীরা এ সময় শামছুজ্জোহার কাছে থাকা ৬ লাখ টাকার স্বাক্ষরযুক্ত চেকবই ছিনিয়ে নেয় এবং কলেজের বেশ কিছু মালামাল লুটপাট ও ভাঙচুর করে।

শিক্ষক-কর্মচারীদের কলেজ প্রদেয় বেতন-ভাতা বন্ধ ঘোষণা করায় এ ঘটনা ঘটে বলে বিক্ষুব্ধ শিক্ষকদের একটি অংশ জানিয়েছেন। কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেছেন।